

দি কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯ এর ধারা ২(টিটি)-তে ওয়্যার হাউসকে
নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করা হয়েছে-

“ওয়্যার হাউস অর্থ ধারা ১২ এর অধীনে নিয়োগকৃত অথবা
ধারা ১৩ এর মাধ্যমে লাইসেন্স প্রাপ্ত কোন স্থানে।” অতএব দি
কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯ এর ধারা ১৩ অনুযায়ী, কোন ব্যক্তি বা
প্রতিষ্ঠানকে কোন স্থানে আমদানিকৃত শুল্ক আরোপযোগ্য পণ্য জমা রাখার জন্য বিধি দ্বারা নির্ধারিত
পদ্ধতিতেও বিধিবদ্ধ ফরমে অনুমতি প্রদান করাকেই বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স বলা যায়। এ ধরনের
বন্ডেড ওয়্যার হাউস প্রাইভেট বন্ডেড ওয়্যার হাউস নামে পরিচিত। আইন অনুযায়ী উক্ত স্থানে লাইসেন্সী
বা তার পক্ষে আমদানিকৃত শুল্ক আরোপযোগ্য পণ্য যা পাবলিক ওয়্যার হাউসে সংরক্ষণ সুবিধাজনক নয়,
এরূপ পণ্য শুল্ক পরিশোধ ব্যতিরেক জমা রাখা হয়। প্রচলিত নিয়মানুযায়ী শুল্কযোগ্য পণ্য শুল্ক ষ্টেশন
হতে খালাস নিয়ে বন্ডেড ওয়্যার হাউসে জমা রেখে এই আইনে প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত বিধিবিধান
অনুসরন পূর্বক রপ্তানির উদ্দেশ্যে খালাস বা প্রক্রিয়া করণের জন্য সরবরাহ তথা দেশের রপ্তানি বাণিজ্য
প্রসারণের লক্ষ্যে এ ব্যবস্থার প্রচলন করা হয়েছে। আবার দি কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯ এর ধারা ১২
অনুযায়ী কোন শুল্ক ষ্টেশনে নিয়োগকৃত ওয়্যার হাউজে শুল্ক আরোপযোগ্য পণ্য শুল্ক পরিশোধ ব্যতিরেকে
খালাস করা হয়। ইহা পাবলিক বন্ডেড ওয়্যার হাউস নামে আখ্যায়িত।

বন্ডেড ওয়্যার
হাউস লাইসেন্স
কি এবং কেন ?